4.11-4.15

# মোঃ মনিরুজ্জামান মনির

কাউন্সিলর-১৪নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

কার্যালয়ঃ- ১২০/৩, আলী আহাম্মদ চুনকা সড়ক, দেওভোগ, নারায়ণগঞ্জ।

সূত্রঃ-

তারিখঃ ১৮/০৫/২০২৩খ্রি.।

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২২/০৫/২০২৩খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় সম্মানীত ১৪ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মনিরুজ্জামান মনির)
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১৪ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ মনিরুজ্জামান মনির<br>কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৪<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ওয়ার্ড নং | ঃ ১৪ |
| সভার তারিখ | ঃ ২২/০৫/২০২৩ খ্রি. |
| সভার সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার সভার স্থান | ঃ ১৪ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৪ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মনিরুজ্জামান মনির কমিটির সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসানকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসান পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: নিউ পালপাড়া সিডিসি'র অভিযোগ প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নিউ পালপাড়া সিডিসি'র অভিযোগ প্রসঙ্গে। | নিউ পালপাড়া সিডিসি'র সভানেত্রী সভাকে জানান যে সিডিসির সদস্য বিউটির বাড়ীতে LIUPCP অর্থায়নে গভীর নলকূপ স্থাপন করা হয়। প্রকল্পের নিয়ম অনুসারে প্রতিদিন দুইবার পানি দিতে হবে,কিন্তু সে নলকূপ তালাবদ্ধ কওে রেখেছে। কমিটির সদস্য জানান যে মিতুদেবনাথ মায়ার অভিযোগ সত্য। | অদ্য সভা শেষে ওয়ার্ড সচিব বিউটির বাড়ি যাবেন ,এবং প্রত্যেক দুইবার পানি সরবরাহ নিশ্চিত করবেন। | ওয়ার্ড সচিব |

আলোচ্যসূচী-৩: স্বাস্থ্য ও স্বাস্থ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| স্বাস্থ্য ও স্বাস্থ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য জনাব হাজী বাদল বলেন যে, "স্বাস্থ্যই সকল সুখের মূল" তাই তিনি আবেদন রাখেন যে, এই ওয়ার্ডের জনগনের স্বাস্থ্য এবং শারীরিক দিক বিবেচনা করে প্রতিটি রাস্তার পাশে ফুটপাত এবং শারীরিক ব্যায়ামের জন্য ব্যায়ামাগার নির্মাণের অনুরোধ জানান। | প্রকল্পটি সর্বসম্মতিক্রমে প্রতিটি রাস্তার পাশে ফুটপাত নির্মাণের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৪: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য সচিব জনাব মোঃ ইমরান হোসেন জিসান সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ২৫.৭২% পৌরকর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনেব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশন সহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ ও WLCC-এনসিসি |

আলোচ্যসূচী-৫: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব হ্যাপি আক্তার বলেন যে, এই ১৪নং ওয়ার্ডে মশা এবং কুকুরের উপদ্রব অনেক বেড়ে গিয়েছে। যার ফলে ওয়র্ডবাসীকে অনেক সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। এ বিষয়ে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | কুকুর নিধনের ব্যাপারে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু কুকুর যাতে বংশবিস্তার না করতে পারে তার জন্য কুকুরকে একটি ভ্যাকসিন প্রদান করা এবং ১৪নং ওয়ার্ডে মশার ঔষধ ছিটানো সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও WLCC'র সদস্যবৃন্দ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব মোঃ মনিরুজ্জামান মনির)
চেয়ারপার্সন, ১৪নং WLCC
ও
কাউন্সিলর, ১৪ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

# সংযোজনী-ক

১৪ নং ওয়ার্ডের WLCC কমিটি'র সভায় সদস্যদের হাজিরা তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান | চেয়ারপার্সন | [signature] |
| ০২ | জনাব শারমিন হাবীব বিন্নি | কো-চেয়ারপার্সন | |
| ০৩ | জনাব মোঃ মহিউদ্দিন আহাম্মেদ | সদস্য | [signature] 22.06.26 |
| ০৪ | জনাব হরিপদ বিশ্বাস | সদস্য | হরিপদ বিশ্বাস |
| ০৫ | এডঃ আহসানুল করিম চৌধুরী (বাবুল) | সদস্য | |
| ০৬ | হাজী সোলাইমান মিয়া | সদস্য | সোলাইমান |
| ০৭ | হাজী বাদল | সদস্য | বাদল ২২-০৬-২০২৬ |
| ০৮ | জনাব মশিউর রহমান হুমায়ূন | সদস্য | Mosiul |
| ০৯ | হাজী আব্দুর রব খোকন (রনি) | সদস্য | |
| ১০ | জনাব সাঈদ আহাম্মেদ স্বপন | সদস্য | সাঈদ |

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব রুবেল ইসলাম | সদস্য | |
| ১২ | জনাব মোঃ আজিজুল ইসলাম দিনার | সদস্য | |
| ১৩ | জনাব মোঃ মতিউর রহমান মুন্না | সদস্য | 22/05/23 |
| ১৪ | জনাব আছিয়া খানম সুমি | সদস্য | |
| ১৫ | জনাব হ্যাপি আক্তার | সদস্য | |
| ১৬ | বীর মুক্তিযোদ্ধা দীন ইসলাম মিয়া | সদস্য | |
| ১৭ | জনাব মোঃ সম্রাট | সদস্য | 22/05/23 |
| ১৮ | জনাব মোঃ ইমরান হোসেন জিসান | সদস্য-সচিব | |